	<p>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড সরকারি কর্মচারীদের বৃহৎ পরিসরের অলাভজনক ও কল্যাণমূলক প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও আর্থিক সক্ষমতা বিবেচনায় চাহিদার তুলনায় ইতোমধ্যে এ সংস্থার আয়বর্ধক প্রাতিষ্ঠানিক সম্পদ ও অবকাঠামো গড়ে তোলা সম্ভব হয়নি। একইধর্মী অন্যান্য প্রতিষ্ঠানের সম্পদ, আয় ও সুযোগ সুবিধা পর্যাপ্ত থাকায় সেবার মান এ প্রতিষ্ঠানের তুলনায় সন্তোষজনক। কর্মচারী কল্যাণ বোর্ডের নিকট সেবা গ্রহণে প্রজাতন্ত্রের কর্মচারীগণের প্রত্যাশা সবচেয়ে বেশি। এ বিবেচনায় সীমিত আয় এবং বর্তমান বাস্তব অবস্থার প্রেক্ষিতে প্রতিষ্ঠানের সম্পদ, আয় ও সুযোগ-সুবিধা বর্ধিত করা ছাড়া অনুদানের পরিমাণ, উন্নত সেবা প্রদান ও পরিধি বৃদ্ধিকরণ এবং নতুন সেবা চালুকরণ অপরিহার্য হলেও সম্ভব হচ্ছে না। বর্তমান বাস্তবতায়, বোর্ডের বিভাগীয় ও জেলা পর্যায়ে আয়বর্ধক প্রকল্প গ্রহণের মাধ্যমে কল্যাণমূলক কাজের পরিধি বিস্তৃত করার লক্ষ্যে দেশের প্রতিটি বিভাগীয় ও জেলা পর্যায়ে খাস/অর্পিত/পরিত্যক্ত ভূমি অনুসন্ধান সংগ্রহের লক্ষ্যে বোর্ডের বিভাগীয় পরিচালকবৃন্দকে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের সাথে যোগাযোগপূর্বক লিখিত তথ্য সম্বলিত প্রতিবেদন বিভাগীয় ও জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া ব্যক্তিগত উদ্যোগ গ্রহণের মাধ্যমে ভূমি অফিসের সাথে যোগাযোগ করে তথ্য সংগ্রহের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।</p>	<p>(ক) বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে প্রতিটি বিভাগ ও জেলা পর্যায়ে খাস/অর্পিত/পরিত্যক্ত জমি সংগ্রহের লক্ষ্যে বোর্ডের বিভাগীয় পরিচালকবৃন্দকে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</p>	<p>পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি</p>						

১০.	<b>জেলা ও বিভাগীয় পর্যায়ে উন্নয়ন সমন্বয় সভায় বোর্ডের বিভাগীয় পরিচালকগণের অংশগ্রহণ:</b>		
	<p>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কার্যক্রম সম্পর্কে প্রশাসনের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার নিমিত্ত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং জেলা মাসিক সমন্বয় সভায় বোর্ডের কর্মকর্তাগণের অংশগ্রহণপূর্বক কল্যাণ বোর্ডের কার্যক্রম উপস্থাপনের ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনারকে অনুরোধ জানানো হয়েছে। বিভাগীয় পরিচালকগণ নির্ধারিত ছকে (নিয়মিত সেবায় প্রতিটি জেলার তথ্য আলাদাভাবে উপস্থাপন ছাড়াও সরকারি কর্মচারীগণের মৃত্যুতে শ্রদ্ধাঞ্জলি ও শোকবার্তা প্রকাশ, সার্কিট হাউজ ব্যবহারের সেবা প্রদানের তথ্য) বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের বিষয়েও আলোচনা করা হয়। উক্ত ছক মোতাবেক তথ্যাদি উপস্থাপনের পাশাপাশি প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</p>	<p>নির্ধারিত ছকে বোর্ডের কার্যক্রম (নিয়মিত সেবায় প্রতিটি জেলার তথ্য আলাদাভাবে উপস্থাপন ছাড়াও সরকারি কর্মচারীগণের মৃত্যুতে শ্রদ্ধাঞ্জলি ও শোকবার্তা প্রকাশ, সার্কিট হাউজ ব্যবহার সেবা প্রদানের তথ্য) বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করাসহ প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে;</p>	<p>পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি</p>
১১.	<b>প্রশিক্ষণ কেন্দ্রে কোর্স পাঠ্যক্রম এর বিষয়বস্তু যুগোপযোগী করা:</b>		
	<p>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কোর্সের পাঠ্যক্রমসমূহ বর্তমান যুগের চাহিদা নিরূপনে সক্ষম হচ্ছে কিনা তা পর্যালোচনার দাবি রাখে। যে উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে এ প্রশিক্ষণ কেন্দ্রটি চালু করা হয়েছে এ কোর্সসমূহ (কম্পিউটার বেসিক কোর্স, গ্রাফিক্স কোর্স, কাটিং ও সেলাই, ব্লক প্রিন্টার, বিউটিফিকেশন, ক্যাটারিং ও ফ্রিল্যান্সিং কোর্স) সে উদ্দেশ্যসমূহ পূরণ করে কিনা সে বিষয়ে সভায় আলোকপাত করা হয়। বাস্তবতার চাহিদার সাথে মিল রেখে প্রশিক্ষণ কেন্দ্রের কোর্স ও পাঠ্যক্রম যুগোপযোগী করার বিষয়ে আলোচনা করা হয়। প্রশিক্ষণ কোর্সের মধ্যে কম্পিউটার বেসিক কোর্স, গ্রাফিক্স কোর্স, বিউটিফিকেশন ও ফ্রিল্যান্সিং কোর্স বাস্তব চাহিদার সাথে মিল রয়েছে মর্মে সভায় আলোচিত হয়। প্রতিমাসে নির্ধারিত ছক মোতাবেক তথ্য প্রেরণের করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</p>	<p>মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত কোর্সসমূহ আধুনিকায়ন ও যুগোপযোগী করার লক্ষ্যে কোর্স কারিকুলামের একটি ধারণাপত্র প্রস্তুত করতে হবে।</p>	<p>পরিচালক (উন্নয়ন), বিকেকেবি ও পরিচালকবৃন্দ, বিভাগীয় কার্যালয়সমূহ</p>
১২.	<b>বোর্ডের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ:</b>		
	<p>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য যে পরিমাণ জনবল প্রয়োজন পূর্বে হতে বোর্ডে সে পরিমাণ জনবল নেই। অনুদান প্রদানের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা এবং দ্রুততম সময়ে মধ্যে আবেদন নিষ্পত্তি হওয়ায় পূর্বের তুলনায় আবেদনের সংখ্যা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে এবং উত্তরোত্তর আবেদনের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। উক্ত আবেদনগুলো নিষ্পত্তি করতে যে পরিমাণ জনবল প্রয়োজন তা বোর্ডে নেই। আবেদনগুলো পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিমাসে নিষ্পত্তি করতে অফিস সময়ের বাইরে নির্দিষ্ট কিছু লোককে প্রায়শঃ কাজ করতে হয়। এতে অনেকক্ষেত্রে আবেদনের সঠিকতা নিরূপন করা সম্ভব হয়না। আবেদনপত্র সঠিকভাবে যাচাই-বাছাই করে দ্রুত অনুদান প্রদানের জন্য জনবল কাঠামো পুনর্বিদ্যায়ন করা প্রয়োজন।</p> <p>এছাড়া বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর নিজস্ব ভূমিতে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণের জন্য যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছে তা বাস্তবায়নের জন্য বর্তমানে প্রয়োজনীয় জনবল বোর্ডে নেই। নতুন জনবল সৃষ্টি হলে উক্ত ভূমিগুলোতে আয়বর্ধক প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হবে। এতে বোর্ডের আয় বহুলাংশে বৃদ্ধি পাবে এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক বর্তমানে যে সকল সেবামূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে তা আরো প্রসারিত করা সম্ভব হবে। ফলে বোর্ডের সাংগঠনিক কাঠামো পুনর্বিদ্যায়ন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।</p>	<p>বোর্ডের সাংগঠনিক কাঠামো পুনর্বিদ্যায়ন করে দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>পরিচালক (প্রশাসন) প্রধান কার্যালয় বিকেকেবি</p>
১৩.	<b>ডিজিটালিং কার্যক্রম- বাস্তবায়ন:</b>		
	<p>স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে নথি সিস্টেমকে আরো বেশি গতিশীল এবং আধুনিক করার নিমিত্তে ডিজিটাল নথিতে রূপান্তর করা হয়েছে। বোর্ডের প্রধান কার্যালয়কে ই-নথি থেকে ডি-নথিতে মাইগ্রেশন কার্যক্রম এটুআই কর্তৃক ১০ এপ্রিল ২০২৩ তারিখে সম্পন্ন হয়েছে।</p> <p>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর আওতাধীন বোর্ডের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা</p>	<p>(১) প্রধান কার্যালয়ের সকল শাখার নথিসমূহ ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি এবং এ সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৮৫% অর্জন করতে হবে;</p> <p>(২) ডি-নথির ব্যবহার ও বাস্তবায়ন বিষয়ক দক্ষতা উন্নয়নের জন্য প্রধান কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীগণকে</p>	<p>পরিচালক (প্রশাসন) ও প্রোগ্রামার, প্রধান কার্যালয়, বিকেকেবি</p>

	২০২২-২৩ এর কার্যক্রম [১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি - কর্মসম্পাদন সূচক [১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত এর অসাধারণ লক্ষ্যমাত্রা ৮৫% নির্ধারিত আছে। এ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রধান কার্যালয়ের সকল শাখার নথিসমূহ আবশ্যিকভাবে ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করা প্রয়োজন। সভায় ডি-নথির ব্যবহার বৃদ্ধি করে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া ডি-নথির ব্যবহার ও বাস্তবায়ন বিষয়ক দক্ষতা উন্নয়নের জন্য প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণকে ১ (এক) দিনের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে মতামত ব্যক্ত করা হয়।	১ দিনের প্রশিক্ষণ প্রদান করতে হবে।	
১৪.	<b>ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রম:</b>		
	বোর্ডের প্রধান কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। বোর্ডের ৮টি বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইটের মেনু মেনুর আওতাধীন সাবম্যানুসমূহ, সেবাবক্সের সকল লিংক, সকল কর্মকর্তাগণের নাম, পদবি, মোবাইল নম্বর, ই-মেইল আইডি ও ছবি, বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা, জাতীয় শুদ্ধাচার কার্যক্রম, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, উদ্ভাবন কার্যক্রম, বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদকরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	(১) প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে; (২) বিভাগীয় কার্যালয়-সমূহের ওয়েবসাইটের সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদ করতে হবে।	পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ ও প্রোগ্রামার, প্রধান কার্যালয় বিকেকেবি
১৫.	<b>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কার্যক্রম:</b>		
	২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিটি কার্যক্রম অসাধারণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদনের জন্য প্রধান কার্যালয়ের সকলকে নির্দেশনা প্রদান করা হয়। পরিচালক (প্রশাসন) সভায় জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অর্জনে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। সভায় এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর খসড়া ২৭ ও ৩০ এপ্রিল, ২০২৩ বেলা ১০.৩০ টায় অনুষ্ঠিত সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষজ্ঞ পুল কর্তৃক পর্যালোচনা করা হয়। বিশেষজ্ঞ পুলের সভাপতি কর্তৃক স্বাক্ষরিত এপিএ ২০২৩-২৪ এর পরিচ্ছন্ন কপি এবং সভার কার্যবিবরণী জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। তিনি আরো জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকা ২০২৩-২৪ এর এপিএ ক্যালেন্ডারের সময়সূচি অনুযায়ী বোর্ডের আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর খসড়া পাওয়ার পর প্রধান কার্যালয় কর্তৃক পর্যালোচনাতে ১৫ মে, ২০২৩ তারিখের মধ্যে মতামত প্রদান এবং ৩০ জুন, ২০২৩ এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন স্বাক্ষরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	(১) প্রধান কার্যালয়ের সকল শাখাকে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিটি কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে Active participation এ সচেষ্ট থাকতে হবে; (২) বার্ষিক কর্মসম্পাদন ক্যালেন্ডারের সময়সূচি অনুযায়ী বোর্ডের আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ পর্যালোচনাতে ১৫ মে, ২০২৩ তারিখের মধ্যে মতামত প্রদান এবং ৩০ জুন, ২০২৩ এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন স্বাক্ষরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি
১৬.	<b>অডিট আপত্তি নিষ্পত্তি:</b>		
	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এ ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত মোট ৪টি অডিট আপত্তি রয়েছে। আপত্তিগুলো ২০০৪-২০০৮ অর্থবছরের। আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য ব্রডশিট জবাব প্রস্তুত করে ২৯/০৯/২০১৬ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে আপত্তিসমূহ নিষ্পত্তি করা সম্ভব হবে। অন্যদিকে ২০২১-২০২২ অর্থবছরের প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়সমূহের অডিট কার্যক্রম চলমান রয়েছে। এ সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গেলে পরবর্তী কার্যক্রমগুলো করা সম্ভব হবে। উল্লেখ্য নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র বিল ডাউচার সংরক্ষণ করার পাশাপাশি ক্যাশ বইসমূহ হালনাগাদ করে ব্যাংক হিসাবের সাথে রিকনসাইল করার বিষয়ে আলোচনা করা হয়।	(ক) অনিষ্পন্ন আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে; (খ) ২০২১-২০২২ অর্থবছরের চলমান অডিট কার্যক্রমের প্রতিবেদন পাওয়া সাপেক্ষে ব্রডশিটের জবাব প্রদান করতে হবে। (গ) নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র বিল ডাউচার সংরক্ষণ করতে হবে। (ঘ) ক্যাশ বইসমূহ হালনাগাদ করে ব্যাংক হিসাবের সাথে রিকনসাইল করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি

১৭.	<b>অভ্যন্তরীণ প্রশিক্ষণ:</b>		
	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থবছরের এপিএ ৪র্থ প্রান্তিকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১টি, GRS এর সফওয়্যার ব্যবহার বিষয়ক ১টি এবং স্টাফবাস কর্মসূচির জনবলের ১টি প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সভায় সভাপতি মানসম্মত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় প্রশিক্ষণ দ্রুত সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি
১৮.	<b>অভিযোগ প্রতিকার ব্যবস্থা Grievance Redress System (GRS):</b>		
	সভায় অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও পরিচালক (প্রশাসন) জানান যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী নির্দিষ্ট সময়ে অনলাইন/লাইনে প্রাপ্ত / অভিযোগ নিষ্পত্তিকৃত এর অসাধারণ লক্ষ্যমাত্রা ৯০% নির্ধারিত আছে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রধান কার্যালয়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি এবং এসংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসে নিয়মিত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উল্লেখ্য এপ্রিল, ২০২৩ মাসে GRS এ কোন অভিযোগ পাওয়া যায়নি। এছাড়া অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ করা হয়।	২০২২-২০২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার সকল কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি
১৯.	<b>জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS):</b>		
	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী বাস্তবায়ন করা হচ্ছে এবং আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের এ সংক্রান্ত কর্মপরিকল্পনার কার্যক্রমের অগ্রগতি পরিবীক্ষণ করা হচ্ছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রধান কার্যালয় কর্তৃক বাস্তবায়িত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভাপতি, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩-এর ৪র্থ প্রান্তিকের কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পন্ন করার ও প্রয়োজনীয় প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডসহ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করার নির্দেশনা প্রদান করেন।	(১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর প্রতিটি প্রান্তিকের প্রতিবেদনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে আপলোডসহ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে; (২) বিভাগীয় কার্যালয়ের শুদ্ধাচার কৌশল পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে এবং এ সংক্রান্ত সকল প্রতিবেদন বিভাগের ওয়েবসাইটে সঠিক ফরম্যাট অনুসরণ করে আপলোড করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি
২০.	<b>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন;</b>		
	সভায় প্রোগ্রামার জানান, ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। (ক) সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন ফরম-১ সংশোধনপূর্বক সহজিকরণ করা হয়েছে; (খ) ১৩/১২/২০২২ তারিখে নতুন ২টি সেবা চালু করা হয়েছে (বিমানবন্দরের ডিআইপি লাউঞ্জ এবং সার্কিট হাউজের কক্ষে ব্যবহারের জন্য কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ); (গ) ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং ০২(দুই)টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে; (ঘ) নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করা হচ্ছে এবং (ঙ) এ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া কর্মসম্পাদন সূচক[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের লক্ষ্যমাত্রা ৩১/০৫/২০২৩ নির্ধারিত রয়েছে।	(১) কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সকল কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। (২) তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদে সতর্কতা অবলম্বন করতে হবে; (৩) প্রধান কার্যালয়ের একটি টিম ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে দেশে বাস্তবায়িত হয়েছে এমন একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি

২১.	<b>সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন:</b>		
	প্রোগ্রামার সভায় জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত আয়োজন করা হয় এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সভায় সভাপতি ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি
২২.	<b>তথ্য অধিকার:</b>		
	সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, (ক) কোন সেবাগ্রহীতা তথ্য চেয়ে আবেদন করলে তথ্য অধিকার আইন অনুযায়ী তা নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়ে থাকে; (খ) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণ কার্যক্রম চলমান রয়েছে; (গ) তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করা হয়। এছাড়া বোর্ডের নাগরিক সেবার তথ্যাদি স্বপ্রণোদিতভাবে ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।	(১) তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ করতে হবে; (২) সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি
২৩.	<b>নাগরিক সেবায় উদ্ভাবন:</b>		
	বোর্ডের সকল সেবা একই প্রাটফর্মে আনয়নের লক্ষ্যে Single Sign-On (SSO) ব্যবস্থাপনা এবং বোর্ডের Enterprise Resource Planning (ERP) উন্নয়নের জন্য requirement analysis এবং খসড়া TOR (Terms of Reference) প্রস্তুতের কাজ চলমান রয়েছে। একটি সমৃদ্ধ প্রাটফর্ম তৈরির জন্য প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের কার্যক্রমসমূহের বিদ্যমান পদ্ধতি (প্রেসেসম্যাপ/ ধাপসমূহ) ও প্রস্তাবিত পদ্ধতি (প্রেসেসম্যাপ/ধাপসমূহ) প্রণয়ন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(১) বিভাগীয় কার্যালয়গুলোর কার্যক্রম-সমূহের বিদ্যমান পদ্ধতি ও প্রস্তাবিত পদ্ধতি (প্রেসেসম্যাপ/ ধাপসমূহ) প্রণয়ন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে; (২) প্রধান কার্যালয়ের প্রত্যেক শাখার কার্যক্রমসমূহের বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতি (প্রেসেসম্যাপ/ ধাপসমূহ) প্রণয়ন করে পরিচালক (প্রশাসন) বরাবরে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি
২৪.	<b>অনিষ্পন্ন পেনশন কেইস:</b>		
	অনিষ্পন্ন পেনশন কেইস যথাসময়ে নিষ্পত্তি করা হয়। এ ধারা অব্যাহত রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	অনিষ্পন্ন পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি করতে হবে।	পরিচালক (প্রশাসন) প্রধান কার্যালয় বিকেকেবি
২৫.	<b>সেবাখাতে মঞ্জুরিকৃত অর্থ ও ব্যাংক হিসাব সংক্রান্ত:</b>		
	বোর্ড কর্তৃক সেবাখাতে মঞ্জুরিকৃত অর্থ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সেবাখাতের অর্থের হিসাব খাতভিত্তিক ব্যয় উল্লেখপূর্বক রিপোর্ট আকারে ও হালনাগাদ ব্যাংক Statement প্রধান কার্যালয়ে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে এবং মাসিক কল্যাণ ভাতার কার্ডের রিকনসাইল হিসাব প্রতিবছর শেষে প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। সেবা খাতে মঞ্জুরিকৃত অর্থ প্রদানের রিপোর্ট প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে; ২। হিসাবের পাশাপাশি ব্যাংক সংক্রান্ত হালনাগাদ Statement প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে; ৩। মাসিক কল্যাণ ভাতার কার্ডের রিকনসাইল হিসাব প্রতিবছর শেষে দাখিল করতে হবে।	পরিচালক, বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি

২৬.	<b>Welfare Hotline (কল্যাণ লাইন) চালুকরণ:</b>			
	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড প্রজাতন্ত্রের কর্মরত আনুমানিক ১৩ লাখ এবং অবসরভোগের ৬ লাখসহ ১৯ লাখ সরকারি কর্মচারী ও তাদের পরিবারবর্গকে নিয়ে প্রায় ১ কোটি মানুষের আর্থ সামাজিক নিরাপত্তা বিধানসহ তৃণমূল পর্যায়ে অধিকতর কল্যাণ সাধনের লক্ষ্যে নিরলসভাবে কাজ করেছে। কিন্তু বোর্ডে সেবা প্রত্যাশীদের কাঙ্ক্ষিত তথ্যাদি প্রেরণের কোন Hotline সেবা নেই। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর সেবা সংশ্লিষ্ট তথ্যসমূহ সেবাগ্রহীতাদের চাহিদা অনুযায়ী সরবরাহের জন্য প্রধান কার্যালয়ে একটি Welfare Hotline (কল্যাণ লাইন) সেবা চালু বিষয়ে আলোচনা করা হয়।	দুততম সময়ে বোর্ডের প্রধান কার্যালয়ের জন্য একটি Welfare Hotline (কল্যাণ লাইন) সেবা চালু করতে হবে।	পরিচালক (প্রশাসন) প্রধান কার্যালয় বিকেকেবি	
২৭.	<b>প্রধান কার্যালয়ের আওতায় অ্যাঙ্কুলেপ ও ফ্রিজার সার্ভিস চালুকরণ:</b>	প্রধান কার্যালয়ের আওতায় অ্যাঙ্কুলেপ ও ফ্রিজার সার্ভিস চালুকরণের নিমিত্ত সোনালী ব্যাংক লি. ও জনতা ব্যাংক লি এর কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি (সি. এস.আর) হতে ০১টি ফ্রিজার ড্যান ও ০১টি অ্যাঙ্কুলেপ সরবরাহপূর্বক প্রধান কার্যালয়ে সেবা প্রদান করার বিষয়ে মতামত ব্যক্ত করা হয়।	পরিচালক (প্রশাসন) প্রধান কার্যালয় বিকেকেবি	
২৮.	<b>বিমান বন্দরে কল্যাণ ডেস্ক স্থাপন:</b>	গঠিত কমিটি কর্তৃক বিমানবন্দরে হেল্প ডেস্ক স্থাপনের জন্য উপযুক্ত স্থান নির্ধারণ, কার্যপরিধি এবং পদ্ধতি নির্ধারণ করতে হবে।	পরিচালক (উন্নয়ন) প্রধান কার্যালয় বিকেকেবি ও কমিটির সদস্যগণ	
২৯.	<b>নারী কর্মচারীগণের জন্য ডরমেটরি/ রেস্টহাউজ স্থাপন:</b>	ঢাকা মহানগরীর মধ্যে ০১টি বাসা ভাড়া নিয়ে ঢাকার বাইরে কর্মরত সরকারি কর্মজীবী ও অবসরপ্রাপ্ত নারী কর্মকর্তা/ কর্মচারীগণের ঢাকায় সাময়িক অবস্থানের জন্য আধুনিক মানের ডরমেটরি/রেস্টহাউজ নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে। সরকারি কর্মজীবী ও অবসরপ্রাপ্ত নারীগণের জন্য একটি মানসম্মত ডরমেটরি/ রেস্টহাউজ নির্মিত হলে তারা মানসিক প্রশান্তি পাবেন। প্রয়োজনীয় ভূমি প্রাপ্তি সাপেক্ষে সরকারি কর্মজীবী ও অবসরপ্রাপ্ত নারী কর্মকর্তা/কর্মচারীগণের অগ্রাধিকার দিয়ে তাঁদের জন্য আধুনিক মানের ডরমেটরি/রেস্টহাউজ নির্মাণে আনুমানিক ৫-৬ বছর সময়ের প্রয়োজন হতে পারে। ডরমেটরি/রেস্টহাউজ নির্মিত না হওয়া পর্যন্ত বোর্ডের "স্টাফবাস সার্ভিস কর্মসূচি" ও "মহিলা কারিগরি প্রশিক্ষণ কর্মসূচি"র ন্যায় একটি পৃথক কর্মসূচির আওতায় ঢাকা মহানগরীর মধ্যে ০১ (এক) টি বাসা ভাড়া নিয়ে বিশেষ করে সরকারি কর্মজীবী ও অবসরপ্রাপ্ত নারী কর্মকর্তা/কর্মচারীগণের সাময়িক আবাসনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভাপতি সভায় অভিমত ব্যক্ত করেন।	ঢাকা মহানগরীর মধ্যে ০১টি বাসা ভাড়া নিয়ে ঢাকার বাইরে কর্মরত সরকারি কর্মজীবী ও অবসরপ্রাপ্ত নারী কর্মকর্তা/ কর্মচারীদের ঢাকায় সাময়িক অবস্থানের জন্য আবাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (উন্নয়ন) প্রধান কার্যালয় বিকেকেবি

৩০.	<b>বোর্ডের কল্যাণ বার্তা প্রকাশ:</b> বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সাফল্যজনক কার্যক্রম বাংলাদেশ রাষ্ট্রের জাতীয় লক্ষ্য অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা তথা কল্যাণ রাষ্ট্র নির্মাণের ক্ষেত্রে একটি রোল মডেল হিসেবে আত্মপ্রকাশ করতে যাচ্ছে। কল্যাণ বোর্ডের কার্যক্রম সকল কর্মকর্তা/কর্মচারীগণের নিকট প্রচার করা জরুরি। বোর্ডের কল্যাণ বার্তা প্রকাশের মাধ্যমে সে উদ্দেশ্য বাস্তবায়ন করা সম্ভব হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনাতে বোর্ড কর্তৃক কল্যাণ বার্তা প্রকাশের ওপর গুরুত্বারোপ করা হয়।	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কার্যক্রম নিয়মিত ত্রৈমাসিকভিত্তিক প্রচার ও প্রসারের লক্ষ্যে আগামী ৭ জুন, ২০২৩ তারিখের মধ্যে জানুয়ারি-মার্চ, ২০২৩ কল্যাণ বার্তা সংখ্যা প্রকাশ করতে হবে।	পরিচালক (প্রশাসন) প্রধান কার্যালয় বিকেকেবি
৩১.	<b>বীমা কোম্পানি গঠনে Workplan/Action Plan প্রণয়ন:</b> বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩৫তম বোর্ড সভায় “বীমা কোম্পানি গঠনের লক্ষ্যে বীমা বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানকে পরামর্শক হিসেবে নিয়োগের অনুমোদন দেয়া হয়” মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সে পরিপ্রেক্ষিতে বোর্ড কর্তৃক বীমা কোম্পানি গঠনের জন্য বীমা বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানকে পরামর্শক হিসেবে নিয়োগ প্রদানপূর্বক Workplan/Action Plan প্রণয়ন করা জরুরি। এ বিষয়ে আলোচনাতে দ্রুত Workplan/Action Plan প্রণয়নে নির্দেশনা প্রদান করা হয়।	(ক) বোর্ড কর্তৃক বীমা কোম্পানি গঠনের লক্ষ্যে বীমা বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানকে পরামর্শক হিসেবে নিয়োগের অনুমতি প্রাপ্তির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ অব্যাহত রাখতে হবে; (খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর বীমা কোম্পানি গঠনের সার্বিক বিষয়ে একটি Workplan/ Action Plan প্রণয়ন করতে হবে।	পরিচালক (উন্নয়ন) প্রধান কার্যালয় বিকেকেবি
৩২.	<b>বিভাগ/জেলা পর্যায়ে চিকিৎসক নিয়োগ কার্যক্রম গ্রহণ:</b> সরকারি কর্মকর্তা/ কর্মচারী এবং তাঁদের পরিবারের সদস্যগণ বিভিন্ন সময় নানবিধ শারীরিক জটিলতায় ভুগে থাকেন। ফলে তাঁদেরকে সময় সময় চিকিৎসকের পরামর্শ গ্রহণ করতে হয়। সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের জন্য ঢাকায় ০১টি সরকারি কর্মচারী হাসপাতাল রয়েছে। বিভাগীয় শহরে সরকারি কর্মচারী হাসপাতাল প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে, যা সময়সাপেক্ষ। সরকারি কর্মচারীগণের জন্য বিভাগীয় পর্যায়ে হাসপাতাল চালু না হওয়া পর্যন্ত তাঁদের চিকিৎসার বিষয়টি বিবেচনায় নিয়ে ঢাকা বিভাগ ব্যতীত বোর্ডের অন্য ০৭ টি বিভাগীয় ও ০৮টি বিভাগের ০৮টি অনুন্নত জেলায় সম্মানী প্রদানের মাধ্যমে চিকিৎসক নিয়োগ প্রদানের বিষয়ে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩৫তম বোর্ড সভায় অনুমোদন করা হয়। সে পরিপ্রেক্ষিতে বিভাগ ও জেলা পর্যায়ে চিকিৎসক নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য বোর্ড হতে ০২ এপ্রিল, ২০২৩ তারিখের ১৩৬ সংখ্যক স্মারকে “চিকিৎসক নিয়োগ নির্দেশিকা-২০২৩” এর খসড়া অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে।	(ক) “চিকিৎসক নিয়োগ নির্দেশিকা-২০২৩” এর খসড়া অনুমোদনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ অব্যাহত রাখতে হবে; (খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে ঢাকা বিভাগ ব্যতীত বোর্ডের অন্য ০৭ টি বিভাগীয় এবং প্রত্যেক বিভাগের অপেক্ষাকৃত অনুন্নত ০৮টি জেলায় সম্মানী প্রদানের মাধ্যমে চিকিৎসক নিয়োগ কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিচালক (উন্নয়ন) প্রধান কার্যালয় বিকেকেবি
৩৩.	<b>বিভাগীয় শহরে ডায়াগনস্টিক সেন্টার স্থাপন:</b> সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের জন্য বিভাগীয় শহরে শাস্ত্রী মূল্যে ভালোমানের সরকারি হাসপাতাল না থাকায় সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ চিকিৎসা সেবা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। সে কারণে বিভাগীয় শহরে ডায়াগনস্টিক সেন্টার স্থাপনের বিষয়ে সভায় মতামত পাওয়া যায়।	বিভাগীয় শহরে ডায়াগনস্টিক সেন্টার স্থাপনের সম্ভাব্যতা যাচাই করতে হবে।	পরিচালক (উন্নয়ন) ও পরিচালক বিভাগীয় কার্যালয়সমূহ বিকেকেবি
৩৪.	<b>বিবিধ:</b> (ক) কর্মরত ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে সময় সময় বিভিন্ন প্রয়োজনে বিশেষ করে জমিজমা সংক্রান্ত বিষয়ে এবং অবসরপ্রাপ্তদের পেনশন সংক্রান্ত কাজে সরকারি দপ্তরে যোগাযোগ করতে হয়। দাপ্তরিক কর্মব্যস্ততার জন্য কর্মরত সরকারি কর্মচারীগণ ব্যক্তিগতভাবে ঐসকল দপ্তরে সময়মত যোগাযোগ করতে পারেন না। ফলে অধিকাংশ ক্ষেত্রে সেবা প্রাপ্তিতে বিলম্ব হয়। অন্যদিকে, অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের ক্ষেত্রে এ সমস্যা আরো বেশী হয়ে থাকে। অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণ অবসরের পর সাধারণত নিজ জেলায় অবস্থান করেন। তাছাড়া অধিকাংশ ক্ষেত্রে পড়াশুনা ও চাকুরির সুবাধে কর্মরত ও অবসরপ্রাপ্ত সরকারি	(ক) ৩৬তম বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে কর্মকর্তা/ কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর ও সংস্থায় পত্র যোগাযোগ করতে হবে;	পরিচালক (সকল) বিকেকেবি

<p>কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানেরা পরিবার থেকে দূরে দেশের বিভিন্ন এলাকায় এমনকি বিদেশেও অবস্থান করে থাকেন। ফলে কর্মরত/অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের পক্ষে তাঁদের পরিবারের সদস্যগণও যোগাযোগ রক্ষা করতে পারেন না। এতে কাজিত সেবা প্রাপ্তিতে বিলম্ব হয়। অনেকসময় বিড়ম্বনারও স্বীকার হতে হয়। এ বিষয়ে ৩৬তম বোর্ড সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়: “কর্মরত ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারীবৃন্দের পক্ষে তাঁদের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক বিভিন্ন সরকারি দপ্তরে পত্র যোগাযোগ সেবা চালুর বিষয়ে নীতিগত অনুমোদন প্রদান করা হয়”।</p> <p>(খ) বিকেকেবি কর্তৃক বিদ্যমান সেবা প্রদানের পাশাপাশি নতুন সেবা যেমন: বিভাগীয় পর্যায়ে সিনিয়র সিটিজেন সেন্টার স্থাপন; সরকারি কর্মচারীর সন্তানদের অগ্রাধিকার দিয়ে আবাসিক সুবিধাসম্বলিত মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ; ফিজিওথেরাপি সেন্টার স্থাপন ও প্যাথলজিক্যাল সেবা প্রদান; প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র চালুকরণ; কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারীদের জন্য রেন্টহাউজ কাম ডরমেটরি নির্মাণ; বিমান বন্দরে ২৪/৭ হেল্প ডেস্ক সুবিধা প্রদান; অবসরপ্রাপ্ত কর্মচারীদের জন্য রেন্ট হাউজ সুবিধা প্রদানসহ আরও বহুবিধ সেবা গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। বিকেকেবির এ সকল সেবা সম্পর্কে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</p> <p>(গ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় পরিচালকগণ তাঁর কার্যালয়ের বিগত মাসের সকল কার্যক্রমের অগ্রগতি নির্ধারিত ছকে উল্লেখ করে বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করে তার অনুলিপি প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়া বিভাগীয় সমন্বয় সভা এবং জেলা মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে বোর্ডের কার্যক্রম অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়।</p>	<p>(খ) বিকেকেবির সেবা সম্পর্কে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার উদ্যোগ নিতে হবে;</p> <p>(গ) বিভাগীয় পরিচালকগণ বিকেকেবির কল্যাণধর্মী কাজের বিবরণসহ তাঁর কার্যালয়ের বিগত মাসের সকল কার্যক্রমের অগ্রগতি নির্ধারিত ছকে বিভাগীয় সমন্বয় সভা এবং জেলা মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপন করে তার অনুলিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং জেলা মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে বোর্ডের কার্যক্রম অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিত করতে হবে।</p>	<p>পরিচালক (সকল) বিকেকেবি</p>
---	--	---------------------------------------

৩৫। উপস্থিত সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব কাজে মনোযোগী হওয়ার আহবান জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(মুঃ মোহসিন গৌধুরী)

মহাপরিচালক

স্মারক নম্বর: ০৫.৮১.০০০০.০০৭.২৯.১৩৪.২২.২১৪

তারিখ:

১১ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।
৩. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ।
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপপরিচালক(প্রশাসন/উন্নয়ন/অর্থ ও বাজেট), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

২৫.০৫.২০২৩  
(দিল আফরোজা বেগম)

পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৮৩৯২১২০